৫৬

দৈনিক ইনকিলাব

তারিখ JUN 14 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

আওয়ামী লীগ সংসদীয় দলের সভায় চাপের মুখে শিক্ষামন্ত্রীর সমতার ভিত্তিতে স্কুল-কলেজ এমপিওভুক্ত করার ঘোষণা

# বাজেট দারিদ্র্য দূরীকরণ ও গ্রামীণ অর্থনীতির উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে

## —প্রধানমন্ত্রী

**সাইফুল আলম ॥** আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রস্তাবিত বাজেট দারিদ্র্য দূরীকরণ ও গ্রামীণ অর্থনীতির উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।

বাজেট সম্পর্কে স্বচ্ছ ধারণা নিয়ে জাতীয় সংসদে বাজেট আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি দলীয় এমপিদের প্রতি আহবান জানান।

গতকাল জাতীয় সংসদে অনুষ্ঠিত আওয়ামী লীগ সংসদীয় দলের সভায় প্রধানমন্ত্রী বক্তব্য রাখছিলেন। এতে অর্থমন্ত্রী এসএএমএস কিবরিয়া, শিক্ষামন্ত্রী এইচকে সাদেক, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহীউদ্দিন খান আলমগীর, এমএইচ আকবর, আ স ম ফিরোজ, আনিসুল হক চৌধুরী আখতারুজ্জামান, শামীম ওসমান প্রমুখ

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

বক্তব্য রাখেন।

সূত্র জানায়, সভায় বেশ-কজন সংসদ সদস্য তাদের স্ব-স্ব এলাকার স্কুল-কলেজ এমপিওভুক্ত করার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের চরম বৈষম্যের অভিযোগ উত্থাপন করেন।

দু'একজন এ ব্যাপারে শিক্ষা মন্ত্রীকে সরাসরি দায়ী করেন। তোপের মুখে পড়ে শিক্ষামন্ত্রী সভায় ঘোষণা দেন যে, সমতার ভিত্তিতে প্রতিটি এলাকায় স্কুল-কলেজ এমপিওভুক্ত করা হবে।

সূত্র জানায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ভাষণে বলেছেন, প্রস্তাবিত বাজেট সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে গ্রামীণ অর্থনীতিতে প্রাণসঞ্চার করবে, উন্নয়ন ঘটাবে স্থানীয় শিল্প প্রতিষ্ঠানের।

প্রধানমন্ত্রী বলেন, প্রস্তাবিত বাজেট নারীর ক্ষমতায়নকে দৃঢ় ভিত্তির উপর দাঁড় করাবে। এই বাজেট সেবামূলক, সাধারণ মানুষের কল্যাণে এই বাজেট কার্যকর ভূমিকা রাখবে।

অর্থমন্ত্রী এসএএমএস কিবরিয়া বাজেটের উপর সংক্ষিপ্ত আলোচনায় বলেন, বাজেটে নতুন করারোপ করা হয়নি। এবার বাজেটের আগে পরে কোন জিনিসের দাম বাড়েনি। বাজারে বাজেটের বিরূপ কোন প্রতিক্রিয়া নেই।

তিনি বলেন, ডাক্তারদের উপর ভ্যাট আরোপের ফলে গরীব মানুষের উপর এর কোন প্রভাব পড়বে না।

অর্থমন্ত্রী বলেন, প্রস্তাবিত বাজেটে দারিদ্র্য বিমোচনে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে। আত্মকর্মসংস্থানের কর্মসূচী রয়েছে।

পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহীউদ্দীন খান আলমগীর ৫.২ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের ব্যাপারে কোন কোন বিদেশীর সন্দেহ চ্যালেঞ্জ করে বলেন, ৯৮-৯৯ অর্থবছরে ৫.২ শতাংশ প্রবৃদ্ধি অর্জন সঠিক। বাম্পার ফসল ফলনের ফলেই এটা সম্ভব হয়েছে।

আওয়ামী লীগ সংসদীয় দলের সভায় দলের বিদ্রোহী এমপি কাদের সিদ্দিকী, তার বড় ভাই আবদুল লতিফ সিদ্দিকী ও সদ্য জামিনপ্রাপ্ত মহিবুর রহমান মানিক অনুপস্থিত ছিলেন।